02 SEP 2016
তারিখ ... 02 AUG 2016
পৃষ্ঠা ...২...২... কলাম ...৪...

দৈনিক
আমাদের সময়

# দৈনিক শিক্ষা ডটকমের সম্পাদক গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক ●
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা (মাউশি) অধিদপ্তরের সাবেক ডিজির করা মানহানির মামলায় 'দৈনিক শিক্ষা ডটকম'-এর সম্পাদক সিদ্দিকুর রহমান খানকে গ্রেপ্তার করেছেন ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের সাইবার ক্রাইম ইউনিটের সদস্যরা। গতকাল বৃহস্পতিবার দুপুরে শিক্ষা ভবন থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

ঢাকা মহানগর পুলিশের ডিসি (মিডিয়া) মাসুদুর রহমান জানান, সিদ্দিকুর রহমানের বিরুদ্ধে রাজধানীর রমনা থানায় আইসিটি আইনে একটি মানহানির মামলা রয়েছে। গত ২৯ আগস্ট তার বিরুদ্ধে এই মামলা দায়ের করেন মাউশির সাবেক ডিজি ফাহিমা খাতুন। মামলার অভিযোগে বলা হয়, ফাহিমা খাতুন মাউশিতে থাকাকালে বিভিন্ন রকম মানহানিকর খবর প্রকাশ করেছিল দৈনিক শিক্ষা ডটকম।

প্রসঙ্গত, ফাহিমা খাতুন বর্তমান খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলামের বোন এবং ব্রাহ্মণবাড়িয়ার সংসদ সদস্য র আ ম ওবায়দুল মোক্তাদির চৌধুরীর স্ত্রী।